



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র  
শেখ রাসেলের ৫২ জন্মদিবস উদযাপন অনুষ্ঠানের বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫২ জন্মদিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন আগামী ১৮ অক্টোবর ২০১৬ মঙ্গলবার সারাদেশব্যাপী "শিশু সমাবেশ"-এর আয়োজন করেছে। অনুষ্ঠানসূচি নিম্নরূপ:

□ কেন্দ্রীয় শিশু সমাবেশ: ইসলামিক ফাউন্ডেশন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট-এর যৌথ উদ্যোগে ১৮ অক্টোবর সকাল ৯.০০ টায় ধানমণ্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে শিশু সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ঢাকা মহানগরীর ৫ হাজার শিশু শিক্ষার্থী ও শিক্ষকগণ অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে জাতীয় পতাকা অংকন প্রতিযোগিতা ও জাতীয় সঙ্গীত পরিবেশনসহ আলোচনা সভা, হামদ-না'ত, গজল, দেশাত্মবোধক সঙ্গীত ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি বেলা ১১.০০ টা হতে স্যাটেলাইট টিভি চ্যানেল 'NEWS 24' সরাসরি সম্প্রচার করবে।

উক্ত অনুষ্ঠানে ড. শিরীন শারমিন চৌধুরী এমপি, মাননীয় স্পীকার, মহান জাতীয় সংসদ প্রধান অতিথি এবং জনাব বজলুল হক হারুন এমপি, সভাপতি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি; জনাব মোঃ নজরুল ইসলাম খান, কিউরেটর, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর এবং জনাব মোঃ আবদুল জলিল, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন অধ্যক্ষ মতিউর রহমান, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

□ শিক্ষিকা সমাবেশ: একই দিন দুপুর ১.৪৫ টায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ঢাকা মহানগরীর সকল মহিলা শিক্ষিকাদের সমন্বয়ে "শিক্ষিকা সমাবেশ" অনুষ্ঠিত হবে। এতে আলোচনা সভা, ইসলামী সাংস্কৃতিক অনুষ্ঠান, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে এ্যাডভোকেট সাহারা খাতুন এমপি, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথি এবং ডাঃ দীপু মনি এমপি, সাবেক পররাষ্ট্রমন্ত্রী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

□ দেশব্যাপী ৫৫০টি স্পটে শিশু সমাবেশ: ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে ৬৪ জেলার ৫০৫টি উপজেলা ও বিভাগীয় শহরের ৪৫টি জোনসহ মোট ৫৫০টি স্থানে আগামী ১৮ অক্টোবর সকাল ১০.০০টা হতে দিনব্যাপী শিশু সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে জাতীয় পতাকা অংকন প্রতিযোগিতা ও জাতীয় সঙ্গীত পরিবেশনসহ আলোচনা সভা, হামদ-না'ত, গজল, দেশাত্মবোধক গান, কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, পুলিশ সুপার, পৌর মেয়র, উপজেলা চেয়ারম্যানসহ স্থানীয় সম্মানিত ব্যক্তিবর্গকে অনুষ্ঠানে দাওয়াত প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠেয় শিশু সমাবেশ, যেটি 'NEWS 24' চ্যানেল সরাসরি সম্প্রচার করবে তা ৫৫০টি স্পটে টিভি স্ক্রীনের মাধ্যমে প্রদর্শিত হবে।

অনুষ্ঠানসমূহে আপনারা সকলে আমন্ত্রিত।

হাসান জাহাঙ্গীর আলম  
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)  
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম  
ইসলামিক ফাউন্ডেশন